স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.২৪.০০৩.২২.৫০৪

তারিখ: ১৭ই শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১লা আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়:** বিজ্ঞান ও গণিত বিষয়ে নির্দেশনামূলক ভিডিও (১৭টি), এ্যানিমেশন ভিডিও (১২টি), মডেল লেসন ভিডিও (১০টি) ও ১ম থেকে ৫ম শ্রেণির গণিত লেসন ভিডিও (৩৪৪টি) মাঠপর্যায়ে বিতরণ ও যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।

সূত্র: জাইকা সাপোর্ট প্রোগ্রাম থেকে প্রাপ্ত ২৬মে, ২০২৪ খ্রী: তারিখের পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর যৌথ উদ্যোগে প্রাথমিক বিজ্ঞান ও গণিত বিষয়ের জন্য সিপিডি ডিজিটাল সামগ্রী হিসেবে পাঠ সংশ্লিষ্ট ভিডিও (নির্দেশনামূলক ১৭টি, অ্যানিমেশন ১২টি ও মডেল লেসন ১০টি) তৈরি করা হয়েছে। এছাড়াও, করোনাকালে প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধের সময় শিক্ষার্থীদের শিখন-শেখানো প্রক্রিয়া চলমান রাখার উদ্দেশ্যে ১ম থেকে ৫ম শ্রেণির গণিত বিষয়ের উপর ৩৪৪টি গণিত ভিডিও লেসন তৈরি করা হয়। উল্লেখ্য, করোনাকালীন উক্ত গণিত ভিডিও লেসনসমূহ সংসদ বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচার করা হয়েছে।

২। উল্লিখিত শিখন সামগ্রীসমূহ যথাযথভাবে ব্যবহার ও সহজে প্রাপ্তির জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট, ফেইসবুক পেইজ, ইউটিউব চ্যানেল এবং লার্নিং ম্যানেজম্যান্ট সিস্টেমে (এলএমএস) আপলোড করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। একইসাথে মাঠপর্যায়ে সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান (পিটিআই ও ইউআরসি) ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিম্নবর্ণিত শিখন-শেখানো সামগ্রীসমূহ বিতরণের সিদ্ধান্ত হয়েছেঃ

| প্রতিষ্ঠান | পিটিআই | ইউআরসি | সরকারি প্রাথ: বিদ্যালয় |
|---|---|---|---|
| শিখন-সামগ্রী | (১) বিজ্ঞান ও গণিত লেসন ভিডিওসমূহের ১টি পেনড্রাইভ, (২) গণিত লেসন ভিডিওসমূহের ৫টি ডিভিডি'র ১টি বক্স, (৩) ফ্লাইয়ার - ১টি ও (৪) ব্রোশিয়র - ১টি | (১) বিজ্ঞান ও গণিত লেসন ভিডিওসমূহের ১টি পেনড্রাইভ, (২) ফ্লাইয়ার- ১টি ও (৩) ব্রোশিয়র- ১টি | ১. ব্রোশিয়র - ১টি |

৩। বর্ণিত ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহ বিজ্ঞান ও গণিত প্রশিক্ষণে যথাযথ ব্যবহার ছাড়াও প্রযোজ্যক্ষেত্রে শ্রেণিকক্ষে পাঠ চলাকালীন, বিদ্যালয়ে নিরাময়মূলক পাঠদান ব্যবস্থা পরিচালনা এবং "ঘরে বসে শেখা" বা স্ব-শিখনের ক্ষেত্রে ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহ যথাযথ ব্যবহারে করনীয় সম্পর্কে নির্দেশনা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১.৮.২০২৪
মোঃ হুমায়ুন ইসলাম
পরিচালক (প্রশিক্ষণ চ.দা.)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬
ইমেইল: dirtraindpe@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
২. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)
৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
৪. ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ
২. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/বরিশাল/চট্টগ্রাম/খুলনা/ময়মনসিংহ/রংপুর/রাজশাহী/সিলেট বিভাগ
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ( বর্ণিত শিখন-সামগ্রীসমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট, ফেইসবুক পেইজ, ইউটিউব চ্যানেল এবং লার্নিং ম্যানেজম্যান্ট সিস্টেমে (এলএমএস) আপলোড করার অনুরোধসহ)
৫. টীম লিডার, জাইকা সাপোর্ট প্রোগ্রাম ৩, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৭. অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৮. সংরক্ষণ নথি

১.৮.২০২৪
মোঃ হুমায়ুন ইসলাম
পরিচালক (প্রশিক্ষণ চ.দা.)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬
ইমেইল: dirtraindpe@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

## শিখন-শেখানো সামগ্রীসমূহের ব্যবহারবিধি
## (সংক্ষিপ্ত ফ্লাইয়ার ও ব্রোশিয়র)

**সুপারিনটেনডেন্ট, পিটিআই:**

- বিটিপিটি (পরিমার্জিত ডিপিএড) প্রশিক্ষণে বিজ্ঞান ও গণিত বিষয়ের শিখন-শেখানো প্রক্রিয়ায় ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহ প্রযোজ্যক্ষেত্রে প্রদর্শন ও এগুলোর সহায়তায় শিখন-শেখানো কার্যক্রম পরিচালনায় প্রশিক্ষণার্থীদের উদ্বুদ্ধকরণপূর্বক পাঠদান নিশ্চিত করবেন ;
- বিজ্ঞান ও গণিত বিষয়ে ধারাবাহিক মূল্যায়ন সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদানের লক্ষ্যে মডেল লেসন ভিডিও প্রদর্শন নিশ্চিত করবেন;
- পিটিআই-এর সরাসরি তত্ত্বাবধানে অনুশীলন পাঠদান ও স্কুল প্লেসমেন্টকালীন টিচিং পরিদর্শনে সংশ্লিষ্ট মনিটরগণ ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহের ব্যবহার নিশ্চিত করবেন ;
- প্রশিক্ষণরত শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহের সফটকপি জাইকা কর্তৃক সরবরাহকৃত পেনড্রাইভ থেকে কপি করে প্রত্যেককে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ;

**ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার :**

- ইউআরসি-তে বিষয়ভিত্তিক বিজ্ঞান ও গণিত প্রশিক্ষণ প্রক্রিয়ায় ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহের ব্যবহার নিশ্চিত করবেন;
- নিয়মিত বিদ্যালয় পরিদর্শনকালে বিজ্ঞান ও গণিত শিখন-শেখানো প্রক্রিয়ায় ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহের আলোকে পাঠদান নিশ্চিত করবেন ;
- বিষয়ভিত্তিক বিজ্ঞান ও গণিত প্রশিক্ষণে ধারাবাহিক মূল্যায়ন সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদানের লক্ষ্যে মডেল লেসন ভিডিও প্রদর্শন নিশ্চিত করবেন ;
- প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষক ও সংশ্লিষ্ট বিদ্যালয়ের অন্য শিক্ষকগণের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহের সফটকপি জাইকা কর্তৃক সরবরাহকৃত পেনড্রাইভ থেকে কপি করে প্রত্যেককে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

**জেলা প্রাথমিক শিক্ষা অফিসার :**

- বিদ্যালয় পরিদর্শনকালে উপজেলা পর্যায়ে উল্লিখিত ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত করবেন ;
- বিদ্যালয় পর্যায়ে ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহের যথাযথভাবে ব্যবহার হচ্ছে কীনা তা উপজেলা/থানা শিক্ষা অফিসারগণের জেলা পর্যায়ের মাসিক সমন্বয় সভায় আলোচনাপূর্বক তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিবেন ;

**উপজেলা/থানা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার :**

- উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত পরিদর্শনকালে উল্লিখিত ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহ অনুসরণ করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালিত হয় কীনা তা যাচাই করবেন ;
- প্রধান শিক্ষকদের নিয়মিত মাসিক সমন্বয় সভায় বর্ণিত ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহ ব্যবহারের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও অগ্রগতি পর্যালোচনা করবেন;
- সকল প্রাথমিক বিদ্যালয়ে এসব শিখন-সামগ্রীর ব্যবহার ক্রমান্বয়ে সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করবেন ;
- সংশ্লিষ্ট শিক্ষক ও অভিভাবকগণকে বর্ণিত ভিডিওসমূহের সফটকপি জাইকা কর্তৃক সরবরাহকৃত পেনড্রাইভ থেকে কপি করে সংগ্রহ করতে উৎসাহিত করবেন ;

**শিক্ষার্থী:**

অভিভাবকদের তত্ত্বাবধানে বাড়ীতে প্রাথমিক বিজ্ঞান ও গণিত বিষয়ের ডিজিটাল শিখন-শেখানো সামগ্রীসমূহ ব্যবহার:

- শ্রেণিকক্ষে আলোচিত গণিতের সংশ্লিষ্ট বিষয়বস্তু নিজে নিজে অনুশীলন করবে ;
- পাঠ চলাকালীন গৃহীত নোটসমূহ পুনরায় নিজে দেখবে/পর্যালোচনা করবে ;
- শিক্ষার্থী যে বিষয়বস্তু অনুশীলন করতে চায়, ভিডিও থেকে সংশ্লিষ্ট অংশটুকু দেখবে ;
- ভিডিওতে প্রদর্শিত সমস্যাগুলো নিজে নিজে সমাধান করবে ;
- শিক্ষার্থী নিজের সমাধানলব্ধ উত্তরগুলো ভিডিও দেখে মিলিয়ে নিবে ;
- এরপরও যদি শিক্ষার্থীর কোনো বিষয় বুঝতে সমস্যা হয় বা কোনো জিজ্ঞাসা থাকে, তাহলে শ্রেণি শিক্ষককে প্রশ্ন করে তা জেনে নিবে।

০৭.০৬.২০২৪